রাশিয়ার করোনার টিকা নিয়ে ‘গুরুতর অনিয়মের’ অভিযোগ, পদত্যাগ স্বাস্থ্য কর্মকর্তার

রাশিয়ার তৈরি করোনার টিকা তৈরিতে চিকিৎসাবিজ্ঞানের নৈতিকতার ‘গুরুতর লঙ্ঘন’ হওয়ার অভিযোগ এনে দেশটির এক শীর্ষ চিকিৎসা কর্মকর্তা পদত্যাগ করেছেন। অধ্যাপক আলেক্সান্ডার চুচালিন দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয়ের নৈতিকতাবিষয়ক পরিষদ থেকে পদত্যাগ করেছেন। শুধু পদত্যাগ করেই ক্ষান্ত হননি শ্বাসতন্ত্রের এই চিকিৎসক, রাশিয়ার তৈরি‘স্পুটনিক ৫’ তৈরি নিয়েও গুরুতর সব অনিয়মের কথা বলেছেন। খবর বিজনেস টুডে ও টাইমস নাউ নিউজ ডট কমের।

রাশিয়ায় চিকিৎসাবিষয়ক যাবতীয় নীতি নির্ধারণ করে স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনে থাকা এই এথিকস কাউন্সিল বা নৈতিকতাবিষয়ক পরিষদ। সেই পরিষদের অন্যতম সদস্য ছিলেন চুচালিন।

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন গত মঙ্গলবার বলেন, তাঁর দেশই প্রথম করোনার টিকা তৈরি করেছে। পুতিন করোনার টিকা সম্পর্কে বলেন, রাশিয়া যে টিকা তৈরি করেছে, তা স্থায়ী বা টেকসই প্রতিরোধী সক্ষমতা দেখাতে সক্ষম। বার্তা সংস্থা এএফপি জানায়, রাশিয়ায় মন্ত্রীদের সঙ্গে ভিডিও সম্মেলনে পুতিন টিকার তথ্য জানান। ওই ভিডিও সম্মেলন টেলিভিশনে সম্প্রচার করা হয়।

তবে রাশিয়ার দাবি করা এই টিকা নিয়ে পশ্চিমা বিশেষজ্ঞসহ অনেকেই সন্দেহ পোষণ করেন। একটি গ্রহণযোগ্য টিকা তৈরিতে যেসব ধাপ অতিক্রম করতে হয়, এর অনেক কিছুই করা হয়নি বলে সমালোচনা শুরু হয়। যুক্তরাষ্ট্রের শীর্ষ সংক্রামক রোগ বিশেষজ্ঞ অ্যান্টনি ফাউসি রাশিয়ার টিকা কতটা নিরাপদ ও কার্যকর হতে পারে, তা নিয়ে সংশয় প্রকাশ করেন।

এবার রাশিয়ার ভেতর থেকেই অভিযোগ উঠল। অধ্যাপক আলেক্সান্ডার চুচালিন সুনির্দিষ্টভাবে টিকা তৈরিতে যুক্ত দুই বিশেষজ্ঞের নাম উল্লেখ করে সরাসরি তাঁদের বিরুদ্ধে অভিযোগ করেন। এই টিকা তৈরি করেছে মস্কোর গ্যামালিয়া রিসার্চ সেন্টার। এই সংস্থার পরিচালক আলেক্সান্ডার গিন্টসবার্গ এবং দেশের ভাইরোলজি বিশেষজ্ঞদের অন্যতম সের্গেই বরিসেভিচের নাম করে চুচালিন বলেছেন, এই দুই

চিকিৎসক টিকা তৈরিতে তাড়াহুড়ো করতে গিয়ে চিকিৎসাবিজ্ঞানের নিয়মনীতির তোয়াক্কা করেননি।

চুচালিন ওই দুই বিশেষজ্ঞের উদ্দেশে বলেন, ‘রুশ সরকারের সব নিয়মনীতি কি আপনারা মেনেছেন? আন্তর্জাতিক বিজ্ঞানী সম্প্রদায়ের মতামত নিয়েছেন? নেননি।’

চুচালিন বলেন, এটা ঠিকভাবে করা হয়নি। নৈতিকভাবে চিকিৎসাবিজ্ঞানের নীতি ভঙ্গ করা হয়েছে।

অধ্যাপক চুচালিন বলেন, ‘আমাদের কিছু বিজ্ঞানী যে অবস্থান নিয়েছেন এবং যেভাবে এই রেডিমেড টিকা নিয়ে দায়িত্বজ্ঞানহীনের মতো মন্তব্য করছেন, তাতে আমি হতাশ।’

পদত্যাগের কিছু আগে রাশিয়ার বিজ্ঞান সাময়িকী নওকা আই জিনে (স্যায়েন্স অ্যান্ড লাইফ) দেওয়া এক সাক্ষাৎকারে চুচালিন বলেন, ‘কোনো টিকা বা ওষুধের বিষয়ে আমরা নৈতিকতার পর্যবেক্ষণ যারা করি, তারা প্রথমে দেখা চেষ্টা করি এটা মানুষের জন্য কতটা নিরাপদ। নিরাপত্তাই প্রথম বিচার্য বিষয়। এটা কেমন করে নির্ধারণ করা হবে। যেসব টিকা এখন তৈরি করা হয়েছে, সেগুলো তো মানুষের ওপর প্রয়োগ করা হয়নি। একটা মানুষ এটাতে কতটুকু নিতে পারবে, তা তো আমরা বলতে পারি না।’

জীবননগরে জাতীয় শোক দিবস উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিদের মধ্যে পুরস্কার বিতরণ

জাতীয় শোক দিবস উপলক্ষে জীবননগরে বঙ্গবন্ধু-বঙ্গমাতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, নিরাবতা পালন,শিক্ষার্থীদের অংশগ্রহনে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহনকারীদের মধ্যে

পুরস্কার বিতরণ করা হয়েছে ।

শনিবার সকালে উপজেলা প্রশাসকের কার্য্যলয় চত্বরে এ কর্মসূচি পালন করা হয়।

শনিবার সকাল ৭টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়। পরে এক মিনিট নিরাবতা পালন করা হয়। শেষে উপজেলা পরিষদের হলরুমে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহনের মাধ্যমে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহনকারী বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরন করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে ১৫ আগস্টের কর্মসূচিতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান,জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম,ওসি তদন্ত ফেরদৌস ওয়াহিদ,জীবননগর পৌর সভার মেয়র জাহাঙ্গীর আলম,জীবননগর থানা আওয়ামীলীগের সভাপতি গোলাম মোর্তুজা,সাবেক উপজেলা চেয়ারম্যান আব্দুল লতিফ অমল,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেনখাঁন,জীবননগর পৌর আওয়ামীলীগের সভাপতি নাসির উদ্দিন প্রমুখ।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে হাই -ফ্লো অক্সিজেন প্লান্টের উদ্বোধন

মানব সেবাই দৃষ্টান্ত স্থাপন করলেন বি এন্ড টির চেয়ারম্যান ইঞ্জিনিয়ার মোখলেচুর রহমান টিপু তরফদারের নিজস্ব অর্থায়নে জীবননগর উপজেলায় করোনয়া আক্রান্ত রোগীদের জন্য হাই -ফ্লো

অক্সিজেন প্লান্টের উদ্বোধন করা হয়েছে।

শনিবার সকাল সাড়ে ১০টার সময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে উদ্বোধন করেন চুয়াডাঙ্গা -২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর ।

জানা গেছে, করোনায় আক্রান্ত রোগীদের জন্য রয়েছে ৮টি বেডসহ ভিআইপি ক্যাবিন । যার নিচ তলায় রয়েছে ৪টি বড় সিলিন্ডার এবং অক্সিজেন সরবরাহ লাইনের মাধ্যমে ৩য় তলায় বেড ও ভিআইপি ক্যাবিনে ফ্লো-মিটারের মাধ্যমে রোগীর প্রয়োজনে সহজেই অক্সিজেন ব্যবহারের ব্যবস্থা।

চাহিদার চেয়ে অতিরিক্ত ৪টি সিলিন্ডার সাধারন রোগীদের জন্য সব সময় মজুদ করে রাখা হয়েছে । হাই ফ্লো অক্সিজেন প্লান্টের মাধ্যমে এলাকার স্থানীয় করোনায় আক্রান্ত রোগীরা সেবা নিতে পারবেন ।

এ ব্যাপারে বিএন্ড টি গ্রুপের চেয়ারম্যান ও চুয়াডাঙ্গা জেলা বিএনপির অন্যতম নেতা ইঞ্জিনিয়ার মোখলেচুর রহমান টিপু তরফদার বলেন, বাংলাদেশে করোনা সনাক্তকরণের পরপরই আমার নিজস্ব অর্থায়নে গত ২৮ শে এপ্রিল ২০২০ থেকে ১৫ই মে পর্যন্ত আমার চুয়াডাঙ্গা-২ নির্বাচনী এলাকায় নেতাকর্মিদের মাধ্যমে ১৩হাজার কর্মহীন পরিবারের মাঝে ১০ কেজি চাউল ও ৫ কেজি করে আলু মানবিক সহায়তা প্রদান করেছি ।

শুধু তাই নয় গত ১৫-৫-২০ইং থেকে ৯-৮-২০ইং তারিখ পর্যন্ত দামুড়হুদা ও জীবননগর উপজেলায় ৯৩জন করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছে এবং ৭৪টি পরিবারে লকডাউনে পড়েছিলেন আমার নেতাকর্মিদের মাধ্যমে তাদের প্রতি পরিবারের মাঝে ৩০ কেজি চাউল ১৫ কেজি আলু নগদ ২হাজার থেকে ৬হাজার পর্যন্ত টাকা প্রদান করেছি ।

জীবননগর উপজেলার সাধারন মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য আমি জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে হাই-ফ্লো অক্সিজেন প্লান্ট স্থাপন করলাম।যাতে করে জীবননগর উপজেলায় যে সমস্থ ব্যাক্তি করোনায়া আক্রান্ত হয়ে এখানে নিরাপদে চিকিৎসা নিতে পারে ।

এ সময় আরো উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাপিজুর রহমান,উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন ,জীবননগর পৌর সভার মেয়র জাহাঙ্গীর আলম,জীবননগর থানার ভারপ্রাপ্ত

কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ,ওসি তদন্ত ফেরদৌস ওয়াহিদ,

জীবননগর থানা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজা,সাবেক উপজেলা চেয়ারম্যান আব্দুল লতিপ অমল,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খাঁন,ডাঃ জুলিয়েট পারউইন,ডাঃ মাহমুদ বিন হেদায়েত সেতু প্রমুখ।

করোনায় একদিনে আরও ৩৪ মৃত্যু, শনাক্ত ২৬৪৪

দেশে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ৩৪ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মোট মৃত্যু হয়েছে তিন হাজার ৬২৫ জনের।

এই সময়ে নতুন করে শনাক্ত হয়েছেন দুই হাজার ৬৪৪ জন। সব মিলিয়ে আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে দুই লাখ ৭৪ হাজার ৫২৫ জনে।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন এক হাজার ১২ জন। এ পর্যন্ত মোট সুস্থ হয়েছেন এক লাখ ৫৭ হাজার ৬৩৫ জন।

শনিবার বিকালে স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক ডা. নাসিমা সুলতানা স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞতিতে এ তথ্য জানানো হয়।

যুগান্তর রিপোর্ট

কোটচাঁদপুরে নানা আয়োজনে

জাতীয় শোক দিবস পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদা এবং ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী ও স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত হয়েছে। শনিবার সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারি ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা অর্ধ নমিত রাখার মধ্য দিয়ে দিবসের কর্মসূচি শুরু হয়।

দিবসটি উপলক্ষে কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের আয়োজনে স্থানীয় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করে কোটচাঁদপুর উপজেলা প্রশাসনসহ, উপজেলা পরিষদ, পৌরসভা, থানা পুলিশ, রাজনৈতিক, সামাজিক, মুক্তিযোদ্ধা ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা।

পুষ্পমাল্য অর্পণ শেষে বঙ্গবন্ধু কমপ্লেক্স ভবন থেকে একটি শোক র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে উপজেলা পরিষদ চত্তরে শেষ হয়।

পরে উপজেলা প্রশাসনের আয়োজনে স্থানীয় উপজেলা পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র জাহিদুল ইসলাম, কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহবুবুল আলম, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সি ফিরোজা সুলতানার সঞ্চালনায় আলোচনা সভায় উপস্থিত ছিলেন, উপজেলা আ.লীগের সহ-সভাপতি নুরুল ইসলাম খাঁন বাবলু, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, যুগ্ন-আহ্বায়ক শহিদুজ্জামান সেলিমসহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, সাংবাদিক রাজনৈতিক নেতা-কর্মী এবং নানা শ্রেণী পেশার মানুষ।

শেষে জাতীয় শোক দিবস উপলক্ষে অন-লাইনে অনুষ্ঠিত রচনা, চিত্রাঙ্কন ও কবিতা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার, উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর (বি.আর.ডি.বি)’র পক্ষ থেকে ১’শ গাছের চারা ও উপজেলা যুব উন্নয়নের পক্ষ থেকে ৩২ জন যুব নারী-পুরুষের মাঝে ২০ লক্ষ টাকার চেক বিতরণ করা হয়।

জাতীয় শোক দিবসে মেহেরপুর বিচার বিভাগের আলোচনা সভা

মেহেরপুর জেলা বিচার বিভাগের উদ্যোগে জাতীয় শোক দিবস পালিত হয়েছে। শনিবার দিনের শুরুতেই যথাযথ মর্যাদায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

পরে মেহেরপুর জেলা জজ আদালতের সম্মেলন কক্ষে সিনিয়র জেলা ও দায়রা জজ এস এম আব্দুস ছালামের সভাপতিতে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় বক্তব্য দেন চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট শিরন নাহার, অতিরিক্ত জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাস, যুগ্ম জেলা ও দায়রা জজ কেরামত আলী, পিপি পল্লব ভট্টাচার্য্য, জিপি শাহজাহান আলী, মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি ও এপিপি অ্যাড. ইব্রাহিম শাহীন, এস এম শফি, সাবেক সম্পাদক ও সদর উপজেলা চেয়ারম্যান ইয়ারুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা মতিউল আশরাফ।

মেপ্র/এমএফআর

মেহেরপুর জেলা পুলিশের জাতীয় শোক দিবস পালন

নানা কর্মসূচির মধ্য দিয়ে জাতীয় শোক দিবস পালন করেছে মেহেরপুর জেলা পুলিশ। শোক দিবস উপলক্ষে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

শনিবার দুপুরে মেহেরপুর পুলিশ লাইন মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। পুলিশ সুপার এস এম মুরাদ আলীর সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, হাসিবুল আলম,ডি আই ও ওয়ান ফারুক হোসেন, মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা, ডিবির ওসি জুলফিকার আলী, টিআই জাহাঙ্গীর আলম, পিএস আই শুভ কুমার, এস আই জানে আলম, কনস্টেবল সুমন আহমেদ, সাদিয়া ফারহানা প্রমূখ। পরে ১৫ আগস্টের সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয় ।

এর আগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে পুলিশ লাইনে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্প মাল্য অর্পণ করা হয়। পুলিশ সুপার এস এম মুরাদ আলি অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম ও হাসিবুল আলম এসময় উপস্থিত ছিলেন।
মেপ্র/এমএফআর

শোক দিবসে বঙ্গবন্ধুর প্রতি শ্রদ্ধা

জাতীয় শোক দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা জানিয়েছে আওয়ামী লীগসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠন।

শনিবার সকালে ধানমণ্ডিতে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দেয়ার মধ্য

দিয়ে শুরু হয় দিনের কর্মসূচি।

করোনার প্রাদুর্ভাবের মধ্যে দলীয় কর্মসূচি সীমিত আকারে পালন করার কথা থাকলেও ধানমণ্ডির বঙ্গবন্ধু ভবনের সামনের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনের জন্য দলীয়, সামাজিক, সাংস্কৃতিক সংগঠন ও সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের হাজার হাজার মানুষের উপচে পড়া ভীড় দেখা যায়।

সকাল সাড়ে ৫টায় রাজধানীর ধানমণ্ডি ৩২ নম্বর সড়কে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে তার প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদনের পর ধানমণ্ডি ৩২ নম্বর সবার শ্রদ্ধা নিবেদনের জন্য খুলে দেয়া হয়।

পরে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরের নেতৃত্বে শ্রদ্ধা নিবেদন করে আওয়ামী লীগ। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন ১৪ দলের নেতারা।

এসময় মহানগর উত্তর ও দক্ষিণ আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ, মহিলা আওয়ামী লীগ, যুব মহিলা লীগ, কৃষক লীগ, শ্রমিক লীগ, তাঁতী লীগ, স্বেচ্ছাসেবক লীগ, বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদ, বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন ও প্রতিষ্ঠানের পাশাপাশি হাজারো মানুষ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান।

বঙ্গবন্ধুর প্রতি শ্রদ্ধা নিবেদনে করেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আতিকুল ইসলাম, দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র শেখ ফজলে নূর তাপস এবং বিভিন্ন মন্ত্রণালয়।

সকাল ৬টার মধ্যেই অগণিত মানুষের পদচারণায় ভরে ওঠে ৩২ নম্বর সড়ক। হাতে কালো ব্যানার ও বুকে কালোব্যাজ ধারণ করে নারী-পুরুষ, স্কুল-কলেজের ছাত্র-ছাত্রী, শিশু-কিশোরসহ সর্বস্তরের মানুষ। করোনাভাইরাসের সংক্রমিত হওয়ার ভয় থাকলেও লাইনে দাঁড়িয়ে থাকে হাজারো মানুষ।

জাতীয় সমাজতান্ত্রিক দল- জাসদ এবং ওয়ার্কার্স পার্টি, তরিকত ফেডারেশনসহ বিভিন্ন রাজনৈতিক দলের পক্ষ থেকেও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করে।

ঢাকা বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়,

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, জাতীয় বিশ্ববিদ্যালয়, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, জাতীয় প্রেস ক্লাব, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা শহীদ পরিবার, জাতীয় মানবাধিকার কমিশন, সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন করা হয়।

সম্মিলিত সাংস্কৃতিক জোট, একাত্তরের ঘাতক-দালাল নির্মূল কমিটি, সেক্টর কমান্ডারস ফোরাম, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব পরিষদ, বাংলা একাডেমি, জাতীয় জাদুঘর, শিশু একাডেমি, বাংলাদেশ বেতার, বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট, শেখ রাসেল শিশু সংসদ, বিভিন্ন রাষ্টায়ত্ত ব্যাংকের পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন করা হয়।

পরে রাজধানীর বনানী কবরস্থানে ১৫ আগস্টে নিহতদের কবরে শ্রদ্ধা নিবেদন শেষে ওবায়দুল কাদের বলেন, ‘বঙ্গবন্ধুর সাজাপ্রাপ্ত খুনিদের ফিরিয়ে আনতে কূটনৈতিক প্রচেষ্টা আরও জোরদার করা হয়েছে। বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করে শেখ হাসিনার নেতৃত্বে দুর্নীতিমুক্ত দেশ গঠন করতে হবে, অসাম্প্রদায়িক চেতনার বঙ্গবন্ধুর স্বপ্নের বাংলাদেশ গড়তে হবে এটাই আমাদের লক্ষ্য।

সূত্র- যুগান্তর

মুর্তজা বশীরের মৃত্যুতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক

বাংলাদেশের আধুনিক চিত্রকলার অন্যতম পথিকৃৎ চিত্রশিল্পী ও ভাষাসংগ্রামী মুর্তজা বশীরের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ শনিবার পৃথক শোকবার্তায় এ শোক প্রকাশ করেন রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী।

এক শোকবার্তায় রাষ্ট্রপতি বলেন, মুর্তজা বশীরের মৃত্যু দেশের

শিল্প ও সংস্কৃতি জগতের জন্য এক অপূরণীয় ক্ষতি। তার সৃষ্টি ও কর্ম তরুণ প্রজন্মের জন্য চিরকাল অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে।

অপর এক শোকবার্তায় শেখ হাসিনা বলেন, দেশের চিত্রকলার বিকাশে মুর্তজা বশীর যে অনন্য অবদান রেখেছেন তা ভবিষ্যৎ প্রজন্মকে অনুপ্ররেণা যুগিয়ে যাবে।

প্রধানমন্ত্রী মরহুমের আত্মার মাগফিরাত কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

করোনা আক্রান্ত এ শিল্পী রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শনিবার (১৫ আগস্ট) সকাল ৯টা ১০ মিনিটে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

সূত্র- ইত্তেফাক

গাংনীতে বিভিন্ন কর্মসুচীর মধ্যে দিয়ে জাতীয় শোক দিবস পালন

বিভিন্ন কর্মসুচীর মধ্য দিয়ে গাংনী উপজেলায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রজমানের ৪৫ তম শাহাদত বার্ষিকি উদযাপন করা হয়েছে।

এ উপলক্ষে শনিবার সকাল ৮ টার দিকে উপজেলা আওয়ামীলীগ ও অঙ্গসংগঠনের আয়োজনে বাসস্ট্যান্ডের রেজাউল চত্বরে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পণ শেষে একটি শোক র্যালী রেজাউল চত্বর থেকে গাংনী অডিটরিয়ামে এসে শেষ হয়।

অডিটরিয়ামে সংক্ষিপ্ত আলোচনা সভা ও বিশেষ মোনাজাত করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা। এ সময় উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাষ্টার, বামুন্দি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান শহিদুল

ইসলাম বিশ্বাসসহ উপজেলা ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

অপরদিকে, গাংনী উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সকার ৯ টার দিকে গাংনী মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা আর এম সেলিম শাহনেওয়াজ এঁর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম, এ খালেক।

এ সময় সাবেক সংসদ সদস্য ও বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, সহকারী কমিশনার (ভূমি) ইয়ানুর রহমান, উপজেলা কৃষি কর্মকর্তা কে এম সাহাবুদ্দিন, ইন্সপেক্টর (তদন্ত) সাজেদুর রহমান, গাংনী পল্লী বিদ্যুতের ডিজিএম নিরাপদ দাস, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুনতাজ আলী প্রমুখ।

অন্যদিকে গাংনী পৌর আওয়ামীলীগের উদ্যোগে গাংনী পৌর আওয়ামীলীগের সভাপতি সানোয়ার হোসেন বাবলু ও সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবর নেতৃত্বে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, জাতীয় ও শোক পতাকা উত্তোলন,দোয়া মোনাজাত,আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলার বিভিন্ন এনজিও অফিস,ক্লাব,ব্যাবসা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলনের পাশাপাশি শোকদিবসের পতাকা উত্তোলন করা হয়েছে।